

## হেপাটাইটিস বি কী?

হেপাটাইটিস বি হলো লিভারে আক্রমণকারী একটি ভাইরাস। যদি এর চিকিৎসা করা না হয়, তবে এটি লিভার অকার্যকর করে দিতে এবং ক্যান্সার ঘটাতে পারে।

বিশ্বব্যাপী আনুমানিক 296 মিলিয়ন মানুষ হেপাটাইটিস বি আক্রান্ত হয়ে বসবাস করছেন। অনেক লোকই জানেন না যে তারা সংক্রমিত কারণ তারা অসুস্থ বোধ করেন না বা তাদের অসুস্থ দেখায় না।

সংক্রমিত ব্যক্তির রক্ত বা শরীরের নির্দিষ্ট তরল বর্জ্যের মাধ্যমে একজন থেকে আরেকজনে হেপাটাইটিস বি ভাইরাসটি ছড়িয়ে পড়ে।

## হেপাটাইটিস বি এবং গর্ভাবস্থা

আপনি যদি গর্ভবতী হন, তবে আপনার প্রসবপূর্ব সেবার অংশ হিসেবে হেপাটাইটিস বি এর জন্য রক্ত পরীক্ষা করানো উচিত।

আপনি যদি সংক্রমিত হন তবে আপনি সন্তান জন্মদানের সময় আপনার নবজাতককে হেপাটাইটিস বি সংক্রমিত করতে পারে।

আপনি যদি গর্ভবতী হন এবং আপনার হেপাটাইটিস বি থাকে, তবে সংক্রমণ প্রতিরোধ করতে আপনার শিশু জন্মের সময় থেকে শুরু করে এক সেট টিকা গ্রহণ করতে পারে।

## আরও তথ্যের জন্য দেখুন:

Centers for Disease Control and Prevention  
(CDC, সেন্টার ফর ডিজিস কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন)  
[www.cdc.gov/hepatitis/hbv/](http://www.cdc.gov/hepatitis/hbv/)

HepB Moms  
[www.hepbmoms.org](http://www.hepbmoms.org) (English)



[doh.wa.gov/hepbhub](http://doh.wa.gov/hepbhub)

DOH 420-406 May 2022 Bengali

এই নথিটি অন্য ফরম্যাটে পেতে চাইলে 1-800-525-0127 নম্বরে কল করুন। বধির অথবা কানে কম শুনতে পান এমন গ্রাহকগণ অনুগ্রহ করে 711 (Washington Relay) নম্বরে কল করুন বা [civil.rights@doh.wa.gov](mailto:civil.rights@doh.wa.gov) ঠিকানায় ইমেইল করুন।

সোর্স: CDC, Protect Your Baby for Life



# হেপাটাইটিস বি:

আপনাকে এবং আপনার  
শিশুকে রক্ষার জন্য  
আপনার যা জানা  
প্রয়োজন





## আমার শিশুর জন্য কি হেপাটাইটিস বি বিপজ্জনক?

যখন শিশুরা হেপাটাইটিস বি-তে সংক্রমিত হয়, তখন তাদের আজীবন, দীর্ঘস্থায়ী সংক্রমণ হওয়ার প্রায় 90% সম্ভাবনা থাকে।

চিকিৎসা না করা হলে, দীর্ঘস্থায়ী হেপাটাইটিস বি আক্রান্ত 4 জনের মধ্যে 1 জন শিশুর লিভারের ক্ষতি, লিভারের রোগ বা লিভার ক্যান্সারের মতো গুরুতর লিভারের সমস্যা দেখা দেবে।

সৌভাগ্যবশত, একটি অত্যন্ত নিরাপদ এবং কার্যকর টিকার মাধ্যমে হেপাটাইটিস বি সংক্রমণ প্রতিরোধ করা যেতে পারে।

## আপনার শিশুকে সুরক্ষিত রাখুন এবং হেপাটাইটিস বি প্রতিরোধ করুন

জন্মের 24 ঘণ্টার মধ্যে আপনার শিশুকে প্রথম হেপাটাইটিস বি টিকা নিতে হবে।

আপনি যদি হেপাটাইটিস বি আক্রান্ত হন, তবে আপনার শিশুকে অবশ্যই জন্মের 12 ঘণ্টার মধ্যে hepatitis B immune globulin (HBIG, হেপাটাইটিস বি ইমিউন গ্লোবুলিন) নিতে হবে।

হেপাটাইটিস বি থেকে রক্ষা করতে আপনার শিশুর 3টি হেপাটাইটিস বি টিকা এবং HBIG টিকার প্রয়োজন। আপনার শিশুর সুরক্ষা নিশ্চিত করতে 9-12 মাস বয়সে আপনার শিশুকে পরীক্ষা করান।

নির্ধারিত তারিখ	হেপাটাইটিস বি আক্রান্ত গর্ভবতী মায়ের জন্ম নেওয়া শিশুর নিতে হবে
জন্মের সময়	হেপাটাইটিস বি টিকার জন্মকালীন ডোজ এবং হেপাটাইটিস বি immune globulin (HBIG, হেপাটাইটিস বি ইমিউন গ্লোবুলিন)
1-2 মাস বয়সে	হেপাটাইটিস বি টিকার 2য় ডোজ
6 মাস বয়সে	হেপাটাইটিস বি টিকার 3য় ডোজ
9-12 মাস বয়সে	আপনার শিশু সুরক্ষিত তা নিশ্চিত করতে পরীক্ষা করান

আপনার শিশুকে সুরক্ষিত রাখার অন্যান্য কিছু উপায় নিম্নরূপ:

- আপনার হেপাটাইটিস বি থাকা সত্ত্বেও আপনি আপনার শিশুকে বুকের দুধ খাওয়াতে পারেন। আপনার স্তনের বোটায় ফাটল বা রক্তপাত দেখা দিলে আপনার ডাক্তারের সাথে কথা বলুন, আপনি স্তন দানকালে আপনাকে সাহায্য করার সুযোগ আছে।
- আপনার হেপাটাইটিস বি টিকার রেকর্ড রাখুন এবং মেডিকলে আসার সময় এটি নিয়ে আসুন।
- আপনার পরিবারের সদস্যদের হেপাটাইটিস বি পরীক্ষা করান এবং টিকা নিন।

## আপনার যদি হেপাটাইটিস বি না থাকে

তবুও আপনি একটি নিরাপদ এবং কার্যকরী টিকার মাধ্যমে নিজেকে এবং আপনার সন্তানকে সুরক্ষিত রাখতে পারেন। সিরিজটি সম্পূর্ণ করা নিশ্চিত করুন!

নির্ধারিত তারিখ	শিশুর পেতে হবে
জন্মের সময়	হেপাটাইটিস বি টিকার জন্মকালীন ডোজ
1-2 মাস বয়সে	হেপাটাইটিস বি টিকার 2য় ডোজ
6 মাস বয়সে	হেপাটাইটিস বি টিকার 3য় ডোজ

## আপনার যদি হেপাটাইটিস বি থাকে তাহলে নিজের যত্ন নিন

আপনার লিভারের অবস্থা পরীক্ষা করতে এবং আপনার চিকিৎসার প্রয়োজন আছে কি না তা দেখতে আপনার অতিরিক্ত পরীক্ষার প্রয়োজন হতে পারে।

ওষুধ, যাকে অ্যান্টিভাইরাল বলা হয়, হেপাটাইটিস বি-তে আক্রান্ত অনেকের চিকিৎসা করতে পারে। তবে, প্রত্যেকের চিকিৎসার প্রয়োজন হয় না।

কোনো প্রেসক্রিপশন, ওভার-দ্য-কাউন্টার ওষুধ, সম্পূর্ণরূপে বা ভিটামিন সেবনের আগে ডাক্তারের পরামর্শ নিন কারণ কিছু ওষুধ সম্ভবত লিভারের ক্ষতি করতে পারে।

আপনি হেপাটাইটিস বি এ টিকা থেকেও উপকৃত হতে পারেন। আপনার সংক্রমণ নিরীক্ষণের জন্য সন্তান জন্ম দেওয়ার পরে ডাক্তারের পরামর্শ নিয়ে চলুন।